

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd


নং ৪৫.১৫৫.১১৪.০০.০০.০২৪.২০১৪-৫০

তারিখ ২৪/০১/২০১৭ ইং

বিষয়ঃ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনরূপ চুক্তি বা সমঝোতা স্মারক বা পারস্পরিক সহযোগিতা সংশ্লিষ্ট কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত থাকার নির্দেশনা প্রদান।

লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন সরকারি স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি বা সম্মতি ব্যতিরেকে বিভিন্ন বেসরকারি দেশী-বিদেশী প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন ধরনের চুক্তি বা সমঝোতা স্মারক বা পারস্পরিক সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। সরকারি অর্থ ব্যয়ের যথাযথ বিধি বিধান অনুসরণ নিশ্চিতকরণ; সরকারের পরিকল্পনা অনুযায়ী সরকারি Facilities সমূহের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং ভবিষ্যতে অডিট আপত্তির ঝুঁকি কমানো নিশ্চিত করার লক্ষ্যে সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা/জেনারেল হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-কে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে যে কোন ধরনের বেসরকারি বা বিদেশী প্রতিষ্ঠানের সাথে কোনরূপ চুক্তি বা সমঝোতা স্মারক বা পারস্পরিক সহযোগিতা সংশ্লিষ্ট কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত থাকার জন্য নির্দেশক্রমে নির্দেশনা প্রদান করা হ'ল।

০২। উপরোক্ত নির্দেশনা অনুসরণে ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট চুক্তি বা সমঝোতা স্মারক বা পারস্পরিক সহযোগিতা সংশ্লিষ্ট কার্যক্রমে অংশগ্রহণকারীদের বিরুদ্ধে প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করা হবে।


(রেহানা ইয়াছমিন)
উপসচিব
ফোন: ৯৫৫৬৯৮৯
sashosp2@mohfw.gov.bd

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
- ৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)।
- ৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।